14

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 07 APR 1991
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৪

৩৩

## পরীক্ষার হলে ভিন্ন প্রশ্নপত্র প্রসঙ্গে

গতকালের ইত্তেফাকে প্রকাশিত 'পরীক্ষার হলে ভিন্ন প্রশ্নপত্র বিলি' শীর্ষক খবর সম্পর্কে চারুকলা ইনষ্টিটিউটের পরিচালক আবদুল বাসেত ও এম এফ এ পরীক্ষা কমিটির সভাপতি হাশেম খান জানাইয়াছেন, পরীক্ষার হলে প্রশ্নপত্র বিলি করা হয় নাই। তবে প্রশ্নপত্র বিলি করিতে যাইয়া একটি ভুল ধরা পড়ে। পরীক্ষা রুটিন অনুযায়ী হইয়াছিল, কিন্তু ছাত্ররা রুটিন ভুলভাবে লক্ষ্য করায় দিনটি অদল বদল হইয়া যায়। ছাত্ররা ঐদিনের বিষয় সম্পর্কে তৈরী না থাকায় পরীক্ষা কমিটি ৪ তারিখের পরীক্ষা বাতিল করিতে বাধ্য হয়। প্রতিবাদ লিপিতে বলা হয়, নন্দনতত্ত্ব বিষয়ের প্রশ্ন সাজেশন আকারে হুবহু কোন কোন ছাত্রকে জানাইয়া দেওয়ার তথ্যও সঠিক নহে।

ইনষ্টিটিউটের ৪৬ জন ছাত্র-ছাত্রীও অনুরূপ এক বিবৃতিতে প্রকাশিত খবরের প্রতিবাদ জানাইয়াছে।